



বিতর্কের বিষয় নির্বাচনের যৌক্তিকতা

নাগরিক প্ল্যাটফর্ম যুব সমাজের কথা জানতে, নীতিনির্ধারণে তাদের অন্তর্ভুক্তি ও অংশগ্রহণ নিশ্চিত করতে, তাদের চাহিদা এবং প্রতিক্রিয়া জাতীয় পর্যায়ে তুলে ধরার উদ্দেশ্যে যুব কার্যক্রমের ধারাবাহিকতায় “যুব সম্মেলন ২০২৩” আয়োজন করেছে। এই সম্মেলনের প্রতিপাদ্য হলো ‘দেশ হোক তেমন, যুবরা চায় যেমন’।

সম্মেলনে যুবদের অংশগ্রহণের মাধ্যমে বিতর্ক, উন্মুক্ত আলোচনা হবে এবং যুব জরিপের ফলাফল তুলে ধরা হবে।

বাংলাদেশে কোভিড-১৯ অতিমারির পরবর্তী সময়কালে একটি বিশাল যুব গোষ্ঠী সমাজ, রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি এমনকি পরিবার থেকেও বিচ্ছিন্ন হয়ে গেছে। এই গোষ্ঠীকে আমরা নাম দিয়েছি ‘বিযুক্ত যুব সমাজ’। বিভিন্ন সময় আমরা শুনে থাকি আজকের যুবসমাজ দায়িত্ব পালনে ব্যর্থ, তারা সমাজ-রাষ্ট্র-রাজনীতি বিমুখ। একইসাথে আমরা এটাও শুনে পাই যে তাদেরকে যথোপযুক্ত মূল্যায়ণ করা হয়না এবং তাদেরকে কোন কিছুর দায়িত্বও দেওয়া হয় না। যে যুবসমাজকে আমরা আগামীর বাংলাদেশের চালিকাশক্তি হিসেবে চিহ্নিত করেছি তার কি সত্যিই আগামীর বাংলাদেশের দায়িত্ব নিতে প্রস্তুত নয়?

এই বিষয়টিই খোলাসা করার উদ্দেশ্যে, যুক্তি তর্ক ও যুব মনোভাবের আলোকে আমরা “যুব সম্মেলন ২০২৩”-এর বিতর্কের বিষয় নির্বাচন করেছি ‘আজকের যুবসমাজ ভবিষ্যৎ বাংলাদেশের দায়িত্ব নিতে প্রস্তুত’।

আমরা আশা করি এই বিতর্কের ভেতর দিয়ে আগামী দিনের বাংলাদেশের নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে যুব মানসের গভীরের চিন্তাগুলোকে আমরা উন্মোচন করতে পারব বা সামনে নিয়ে আসতে পারব। তাদের মতামতের ভিত্তিতে সমাজ, রাষ্ট্র, অর্থনীতি বিষয়ে গৃহীত নীতিগুলোকে পুনর্বিবেচনা করতে পারব এবং নীতি অভিযোজনে পথে এগিয়ে যেতে পারব।

আয়োজনে



Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

সমর্থনে



সহযোগিতায়

act:onaid



জরিপ পরিচালনায়



নারীপক্ষ

